

উত্তর :

বাড়ির কাজ

ছেলেখরা

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :

১) 'ছেলেখরা' গল্পটির মূলগ্রন্থের নাম কি ?

উত্তর : 'ছেলেখরা' গল্পটির মূলগ্রন্থের নাম 'শরৎচন্দ্রের রচনাবলী'।

২) কোন দিন মুখুজ্যে মশাই জলযোগে বসেছিলেন ?

উত্তর : মুখুজ্যে মশাই জলযোগে বসেছিলেন একাদশীর দিন।

৩) মুখুজ্যে মশাই কী কী খাবার নিয়ে জলযোগে বসেছিলেন ?

উত্তর : মুখুজ্যে মশাই জলযোগে বসেছিলেন সামান্য ফলমূল ও দুধ নিয়ে।

৪) হীরু রাইপুরে কাদের কাছে এসেছিলেন ?

উত্তর : হীরু রাইপুরে এসেছিলেন মুসলমান লাঠিয়াল দুইভাই লতিফ মিঞা ও মামুদ মিঞার কাছে।

৫) হীরু রাইপুরে কেন এসেছিল ?

উত্তর : হীরু তার খুড়ো ও খুড়িমা অর্থাৎ মুখুজ্জ-দম্পতিকে জব্দ করার জন্য রাইপুরে এসেছিলেন।

৬) মুখুজ্যে মশাইকে কে খাবার খেতে দিয়েছিল ?

উত্তর : মুখুজ্যে মশাইকে তার স্ত্রী জগদম্বা খাবার খেতে দিয়েছিল।

৭) হীরু কাদের মেঝে সমস্ত কিছু আদায় করবে বলে ভেবেছিল ?

উত্তর : হীরু তার খুড়ো ও খুড়িমা অর্থাৎ মুখুজ্জ-দম্পতিকে মেঝে সমস্ত কিছু আদায় করবে বলে ভেবেছিল।

৮) কয়টি শিশু বলি দিয়ে রেলের পুল তৈরির কথা বলা হয়েছে ?

উত্তর : তিনটি শিশু বলি দিয়ে রেলের পুল তৈরির কথা বলা হয়েছে।

৯) কোন্ নদীর উপর রেলের পুল তৈরি হচ্ছিল ?

উত্তর : রূপনারায়ণ নদীর উপর রেলের পুল তৈরি হচ্ছিল।

১০) হীরু মুসলমান দুই ভাইকে আগাম কত টাকা দিয়েছিল ?

উত্তর : হীরু মুসলমান দুই ভাইকে আগাম দুটি টাকা দিয়েছিল।